# APAVOICE ভোটার গাইড

## জন সম্পৃক্ততা বৃদ্ধির লক্ষ্যে এশিয়ান-প্যাসিফিক আমেরিকান ভোটিং ও সংগঠিতকরণ

提供中文 • 이 유권자 안내서는 한국어로도 제공됩니다 • পাওয়া যায় বাংলায় • उपलब्ध

apavoicenewyork

**প্রিয় কমিউনিটি সদস্যবৃন্দ,**

একটি নতুন প্রজন্মের স্থানীয় নেতৃবৃন্দকে নির্বাচিত করার উদ্দেশ্যে ভোটদানের জন্য যাওয়ার আগে আমরা এই ভোটার গাইড উপস্থাপন করছি। আগামী নভেম্বর মাসে আমরা ব্যালট সংক্রান্ত পাঁচটি গুরুত্বপূর্ণ প্রশ্নের উপরও ভোট দেব, যার মধ্যে নিউইয়র্ক স্টেটের সংবিধান সংশোধনের প্রস্তাব করা হয়েছে। সাধারণ মানুষের জন্য নাগরিক প্রক্রিয়ায় অংশগ্রহণ সহজতর করার জন্য নির্বাচনী এলাকার পুনর্বিন্যাস সংস্কার প্রক্রিয়া, পরিবেশগত সুবিচার, ভোটিং ব্যবস্থার সংস্কারও এর মধ্যে অন্তর্ভূক্ত। আমাদের ভোটার গাইড ব্যালট প্রস্তাব থেকে শুরু করে সামনে ২০২২ সালের স্টেট ও জাতীয় পর্যায়ে গুরুত্বপূর্ণ নির্বাচনগুলোর বিভিন্ন দিকও তুলে করবে।

অন্ধকারে গণতন্ত্রের মৃত্যু ঘটে। আমাদের কণ্ঠস্বর সোচ্চার করা ছাড়া আমরা শুধু আমাদের টিকে থাকার জন্যই নয়, বরং আমাদের বিকাশের জন্য যা প্রয়োজন সেইসব গুরুত্বপূর্ণ নীতির পক্ষেও কথা বলতে সক্ষম হবো না। অভিবাসীদের সমস্যা ও ন্যায্য স্বাস্থ্যসেবা এবং সকলের কণ্ঠকে গুরুত্ব দান ও সংরক্ষণ করার অন্তর্ভূক্তিমূলক গণতন্ত্র গড়ায় সহায়তা করতে আগামী নভেম্বরের নির্বাচনে ভোট দিন।

**এপিএ ভয়েস।**

## ভোট দেয়ার জন্য একটি পরিকল্পনা করুন

1. **ডাকযোগে ভোট প্রদান**
   ১৮ অক্টোবর, ২০২১ তারিখের মধ্যে আবেদন করুন
2. **আগাম ভোট**
   ২৩-৩১শে অক্টোবর পর্যন্ত
3. **নির্বাচনের তারিখ**
   ২রা নভেম্বর, ২০২১

# ২০২২-এর নির্বাচনী ক্যালেন্ডার

### প্রাইমারী নির্বাচনের তারিখ নির্ধারণ করা হবে

প্রাইমারি নির্বাচনের ক্ষেত্রে ভোটারদের অবশ্যই কোন একটি রাজনৈতিক দলের রেজিষ্টার্ড ভোটার হতে হবে। প্রাইমারি নির্বাচনে ভোটাররা সাধারণ নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য তাদের দলের মধ্য থেকে একজন প্রার্থীকে নির্বাচন করবেন।

### সাধারণ নির্বাচন ৮ই নভেম্বর, ২০২২

সাধারণ নির্বাচনে সকল রেজিষ্টার্ড ভোটার তাদের দলীয় সম্পৃক্ততা নির্বিশেষে ভোট দিতে পারেন, অর্থ্যাৎ তারা তাদের নিজস্ব দলের বাইরে অন্য অন্য দলের প্রার্থীও নির্বাচন করতে পারেন।

### জাতীয়- যুক্তরাষ্ট্রের কংগ্রেস

২০২২ সালে ভোটাররা জাতীয় আইনসভার দুটি কক্ষ : প্রতিনিধি পরিষদ ও সিনেটের জন্য প্রতিনিধি নির্বাচন করবেন। আমরা **প্রতিনিধি পরিষদের জন্য প্রতি দুই বছর পর পর** এবং **সিনেটের জন্য প্রতি ছয় বছর পর** প্রার্থী নির্বাচন করি। আমেরিকান কংগ্রেসের উভয় হাউজের সদস্যদের মেয়াদের কোন সময়সীমা নির্ধারিত নেই।

### নিউ ইয়র্ক স্টেট

স্টেট পর্যায়ে নির্বাহী ও আইন প্রণয়নমূলক প্রতিষ্ঠানসমূহে ব্যালটের মাধ্যমে প্রতিনিধি নির্বাচন করা হয়। আমরা **গভর্ণর ও নিউইয়র্ক স্টেট অ্যাসেম্বলির** নির্বাচনের জন্য ভোট দেব। টানা বারো বছর সময়ের মধ্যে গভর্ণর আট বছরের বেশি সময় দায়িত্ব পালন করার যোগ্য বিবেচিত হন না। নিউ ইয়র্ক স্টেট অ্যাসেম্বলির সদস্যদের জন্য কোন সময়সীমা নির্ধারিত নেই।

MinKwon Center For Community Action

APAVOICE
ASIAN PACIFIC AMERICANS VOTING & ORGANIZING TO INCREASE CIVIC ENGAGEMENT

Caribbean Equality Project

KCS www.kcsny.org | The Korean Community Services of Metropolitan New York, Inc.

अधिकार adhikaar

chhaya CDC — Sustaining Homes Strengthening Communities

SACSS

華人策劃協會 ADVANCING OUR COMMUNITY

華人進步會 Chinese Progressive Association

Academy of Medical & Public Health Services

ADVOCATE New York Chapter

OUR VOICE OUR POWER — South Queens Women's March

Little Manila Queens

Women for Afghan Women

HCS Homecrest Community Services

SHETU — Building Bridges Empowering Communities

এই ভোটার গাইড এপিএ ভয়েসের প্রচারাভিযানের একটি অংশ: নাগরিক যোগাযোগ বৃদ্ধির জন্য ভোট প্রদান ও সংগঠিত করা। আমাদের লক্ষ্য হচ্ছে এশিয়ান প্যানিফিক আমেরিকান কমিউনিটির মধ্যে সচেতনতা বৃদ্ধি ও নাগরিক অংশীদারিত্ব বৃদ্ধি। আমরা নির্দলীয় এবং কোন রাজনৈতি দল বা প্রার্থীকে সমর্থন করি না।

# ভোটার গাইড

## নিউইয়র্ক স্টেট সংবিধান বিষয়ক ব্যালট প্রশ্ন

### ব্যালট প্রশ্ন: এক

সংবিধানের প্রস্তাবিত সংশোধন স্টেট সিনেটরের সংখ্যা ৬৩ তে বিধিবদ্ধ করবে, স্টেটের জনসংখ্যা গণনার প্রক্রিয়া সংশোধন করবে, যুক্তরাষ্ট্রের সংবিধানের সঙ্গে সাংঘর্ষিক কিছু বিধি বাতিল করবে, নির্বাচনী এলাকা পুন:নির্ধারণ কমিশনের সহ-নির্বাহী পরিচালকদের নিয়োগের কিছু শর্ত সংশোধন করবে এবং কংগ্রেসনাল ও স্টেট লেজিসলেটিভ প্রতিষ্ঠানসমূহের এলাকা নির্ধারণের পদ্ধতি সংশোধন করবে। প্রস্তাবিত সংশোধন কি অনুমোদিত হবে?

ব্যালট প্রশ্ন ১ এ নির্বাচনী এলাকা পুন:নির্ধারণের প্রক্রিয়া সংস্কারের প্রস্তাব করা হয়েছে। **'হ্যাঁ'** ভোট হচ্ছে সেইসব সংস্কারের বাস্তবায়ন, যা অধিকতর সুষ্ঠু ও পক্ষপাতহীনভাবে নির্বাচনী এলাকা পুন:নির্ধারণ প্রক্রিয়া সৃষ্টি করবে, যার মধ্যে ভোটাররা তাদের প্রতিনিধি নির্বাচন করতে এবং কমিউনিটিগুলোর স্বার্থে সুষ্ঠু মানচিত্র তৈরি করবে।

### ব্যালট প্রশ্ন: দুই

নিউইয়র্ক সংবিধানের অনুচ্ছেদ ১ এর প্রস্তাবিত সংশোধনীতে প্রতিটি স্বচ্ছ বাতাস ও পানি এবং স্বাস্থ্যসম্পন্ন পরিবেশের অধিকার প্রতিষ্ঠার প্রস্তাব করা হয়েছে। প্রস্তাবিত সংশোধনী কি অনুমোদিত হবে?

ব্যালট প্রশ্ন ২ এ নিউইয়র্ক স্টেটের সংবিধানের বিল অফ রাইটসে প্রতিটি ব্যক্তির স্বচ্ছ বাতাস ও বাতাস এবং স্বাস্থ্যসম্পন্ন পরিবেশের অধিকার যোগ করার প্রস্তাব করা হয়েছে।

### ব্যালট প্রশ্ন: তিন

প্রস্তাবিত সংশোধনীতে অনুচ্ছেদ ২ ও ৫, এর বর্তমান শর্ত বাতিল করতে বলা হয়েছে যে একজন ভোটার নির্বাচনের অন্তত দশ দিন আগে একজন নাগরিক রেজিষ্টার্ড হবে এবং আইনসভাকে এই মর্মে আইন প্রণয়নের সুযোগ দেবে, যেটির মাধ্যমে নির্বাচনের অন্তত দশ দিনের কম সময়ে ভোটের জন্য রেজিষ্টার্ড করার অনুমোদন দেবে।

ব্যালট প্রশ্ন ৩ এ নির্বাচনের অন্তত দশ দিন আগে ভোট দেয়ার জন্য একজন নাগরিকের ভোটার হিসেবে রেজিষ্টার্ড করার শর্ত বিলোপের প্রস্তাব করা হয়েছে। জাতীয়ভাবে নিউইয়র্ক স্টেটে ভোটার রেজিষ্ট্রেশন হার সর্বনিম্ন। **'হ্যাঁ'** ভোট দেয়ার মাধ্যমে ভোটারের প্রতিবন্ধকতা দূর করা হবে এবং নির্বাচনে অধিক সংখ্যক ভোটারকে ভোট দানে সক্ষমতা দান করবে।

### ব্যালট প্রশ্ন: চার

প্রস্তাবিত সংশোধনী অ্যাবসেন্টি ভোটার সংক্রান্ত বর্তমান বিধান থেকে কোনো কারণে অথবা অসুস্থতা বা শারীরিক অক্ষমতার কারণে কাউন্টি থেকে অনুপস্থিত থাকার কারণে একজন অ্যাবসেন্টি ভোটারকে অবশ্যই অনুপস্থিত থাকার শর্ত বিলোপ করতে বলা হয়েছে। প্রস্তাবিত সংশোধনীটি কি অনুমোদিত হবে?

ব্যালট প্রশ্ন ৪ এ একজন ভোটারের ডাকযোগে ভোট দেয়ার (অ্যাবসেন্টি ব্যালট) কারণ উল্লেখ করার শর্ত বিলোপ করার প্রস্তাব করা হয়েছে। **'হ্যাঁ'** ভোট দেয়ার মাধ্যমে ভোটারদের ডাকযোগে ভোট দানকে সহজতর করবে এবং এই শর্ত বিলোপ করে নির্বাচনে অধিক সংখ্যক ভোটারের ভোট দানকে সহজ করবে।

### ব্যালট প্রশ্ন: পাঁচ

প্রস্তাবিত সংশোধনীতে নিউইয়র্ক সিটি সিভিল কোর্টের শুনানি ও নিস্পত্তির বর্তমান এখতিয়ারের সীমা ২৫,০০০ ডলারের পরিবর্তে এখতিয়ারের শুনানি ও নিস্পত্তির সীমা ৫০,০০০ ডলার পর্যন্ত বৃদ্ধি করার কথা বলা হয়েছে।

ব্যালট প্রশ্ন ৫ এ নিউইয়র্ক সিটি সিভিল কোর্টের শুনানি ও নিস্পত্তির এখতিয়ার ৫০,০০০ ডলার বা তার কম করার প্রস্তাব করা হয়েছে।

## আপনার অধিকার সম্পর্কে জেনে নিন

### আপনার ভোট দেওয়ার অধিকার রয়েছে, যদি আপনি:

- আপনি যদি একজন রেজিষ্টার্ড ভোটার হয়ে থাকেন;
- আপনার বয়স যদি কমপক্ষে ১৮ বছর এবং যুক্তরাষ্ট্রের নাগরিক হন;
- আপনি যদি বর্তমানে কারাগারে না থাকেন বা কোনো অপরাধের জন্য প্যারোলে না থাকেন
- যে সময়ের মধ্যে ভোট গ্রহণ শেষ হওয়ার কথা আপনি যদি তখন ভোটকেন্দ্রে লাইনে থাকেন।

### প্রথমবার ভোটার না হয়ে থাকলে কোনো আইডি'র প্রয়োজন নেই

- বৈধ ফটো আইডি অথবা চলতি সাম্প্রতিক ইউলিটি বিল, ব্যাংক স্টেটমেন্ট, সরকারি চেক অথবা পে-চেক, বা নাম-ঠিকানা যুক্ত সরকারি ডকুমেন্টগুলো পরিচিতির জন্য গ্রহণযোগ্য পদ্ধতি।
- আপনি যদি পরিচয়ের কোনো প্রমাণ দেখাতে না পারেন অথবা দেখাতে না চান, তাহলেও এফিডেভিট ব্যালটের মাধ্যমে ভোট দেওয়ার অধিকার আপনার রয়েছে।

### যে কোনো নির্বাচনে আপনার অধিকার রয়েছে:

- আপনার ভাষাগত সহায়তার প্রয়োজনে একজন ইন্টারপ্রেটার বা দোভাষী পাওয়ার। আরও তথ্য জানতে ফোন করুন: ৮৬৬-Vote-NYC
- ভোটিং মেশিন যদি ভেঙ্গেঁও যায় তবুও ভোট দেওয়ার অধিকার।
- ভোটার তালিকায় যদি আপনার নাম না থাকে সেক্ষেত্রে এভিডেভিট ব্যালট দ্বারা ভোট দেওয়ার অধিকার।

**আপনার যদি কোনো প্রশ্ন থাকে অথবা নির্বাচনের দিন আপনি কোনো সমস্যার মধ্যে পড়েন, তাহলে আপনি নিচের ফোন নম্বরগুলোতে ফোন করতে পারেন:**

| | |
|---|---|
| ইংরেজি : | ৭১৮-৪৬০-৫৬০০ |
| চাইনিজ : | ২১২-২৭৪-১৮৯১, ৩৪৭-৮২৫-৬২২৩ |
| কোরিয়ান : | ৭১৮-৪৬০-৫৬০০ |
| নেপালি : | ৭১৮-৯৩৭-১১১৭ |
| বাংলা: | ৭১৮-৩২১-৭৯২৯ |